

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনারা আসামীগণ জনাব মোঃ আনিসুর রহমান (মিঠু), সাইফুর রহমান-গণের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনারা পলাতক রহিয়াছেন এবং আপনাদেরকে গ্রেফতার বা আপনাদেরকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাদেরকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাদেরকে আগামী ১৩-০৩-১৬ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনাদের অনুপস্থিতিতেই বিচার কার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীদের নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
(১)	মোঃ আনিসুর রহমান (মিঠু), পিতা মোঃ ইমদাদুল হক, গ্রাম ভবানীপুর, পোঃ মাসুদিয়া বাজার, থানা-আমিনপুর, উপজেলা-বেড়া, জেলা-পাবনা।	মেট্রো বিশেষ মামলা নং ৩০৪/১৫ (মতিঝিল থানার মামলা নং-১৫, তারিখ- ২০-০২-১৪ইং)
(২)	সাইফুর রহমান, পিতা-আঃ মান্নান, সাং-গোপীনাথপুর, থানা+জেলা-গোপালগঞ্জ।	ধারাঃ-৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ পেনাল কোড।

মোঃ কামরুল হোসেন মোলা

মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১০৬৫)

মূল্য : টাকা ৪.০০